

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল ও ক্লিনিক শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃঅধিঃ/হাসঃ/প্রশিক্ষণ/২০২০/৪৯২

তারিখঃ ১৫-০৪-২০২০খ্রিঃ।

বিষয়ঃ ঢাকা সহ দেশের সকল বেসরকারী হাসপাতাল এবং বেসরকারী সেবা প্রদান কারীদের জরুরী ভিত্তিতে COVID-19 ব্যবস্থাপনার জন্য নির্দেশনা প্রদান সংক্রান্ত


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, COVID-19 এর সাম্প্রতিক পরিস্থিতি বেবেচনা করে ইতিমধ্যে ব্যাপক প্রস্তুতি শুরু করা হয়েছে। প্রস্তুতির অংশ হিসেবে ইতিমধ্যে সরকারী হাসপাতাল সমূহ প্রস্তুত করা হয়েছে। বর্তমান অবস্থার প্রেক্ষিতে এই প্রস্তুতি যথেষ্ট নয়। বেসরকারী হাসপাতাল সমূহের ব্যাপক অংশগ্রহণ ব্যতিরেকে এই পরিস্থিতি সামাল দেওয়া যাবে না। ঢাকা সহ দেশের সকল বেসরকারী হাসপাতাল এবং বেসরকারী সেবা প্রদান কারীদের জরুরী ভিত্তিতে নিচের পরিকল্পনা অনুযায়ী COVID-19 ব্যবস্থাপনার জন্য নির্দেশ দেওয়া যেতে পারেঃ

- (ক) দেশের সকল বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতালকে অবিলম্বে COVID হাসপাতালে রূপান্তরিত করা।
- (খ) বর্ণিত হাসপাতাল সমূহকে পরিচালনা ব্যয় নির্বাহে বেসরকারী হাসপাতালকে সহযোগিতা করা যেতে পারে।
- (গ) প্রতিটি জেলায় ১০০-২০০ বেড (জেলার হাসপাতালের শয্যা অনুযায়ী) এর বেসরকারী হাসপাতাল প্রস্তুত করার জন্য সিভিল সার্জন কে নির্দেশ দেওয়া যেতে পারে।
- (ঘ) প্রতিটি জেলায় বেসরকারী হাসপাতাল সমূহ সুপারভিশন করার জন্য সিভিল সার্জন কে দায়িত্ব প্রদান করা যেতে পারে।
- (ঙ) ঢাকার বড় ৫ টি বেসরকারী হাসপাতালকে COVID হাসপাতালে রূপান্তরিত করার নির্দেশনা দেওয়া যেতে পারে।
- (চ) ঢাকার ইনডোর স্টেডিয়াম (মিরপুর) কে COVID হাসপাতালে রূপান্তরিত করার জন্য DGMS কে দায়িত্ব দেওয়া যেতে পারে।
- (ছ) ঢাকার শহীদ সোহরাওয়ার্দী এবং মুগদা মেডিকেল করেজ হাসপাতালকে COVID হাসপাতালে রূপান্তরিত করার নির্দেশনা জারী করা যেতে পারে।

এমতাবস্থায় উক্ত বিষয়ে পরবর্তী নির্দেশনার জন্য পত্র প্রেরণ করা হল।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রহিয়াছে।

বিষয়টি অতীব জরুরী


(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
Email:directorhospital@ld.dghs.gov.bd
ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১

বিতরণঃ

সচিব,

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

দৃঃআঃ অতিরিক্ত সচিব (হাসপাতাল)

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃঃআঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃআঃ উপ-পরিচালক, সমন্বয়)
- ৩। যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।